

জাতীয়

সীমান্তে চরম উত্তেজনা

চাঁপাইনবাবগঞ্জের সীমান্তে আবার উত্তেজনা, হামলায় ৩ বাংলাদেশি আহত

বিএসএফ-এর অতর্কিত হামলায় থমথমে পরিস্থিতি, বিজিবির সতর্ক অবস্থান



প্রতিবেদক: Dhaka Probe

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৯ মে ২০২৬ পঠিত: ?? বার



চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার চৌকা সীমান্তে আবার উত্তেজনা দেখা দিয়েছে। আজ শনিবার দুপুরে উপজেলার বিনোদপুর ইউনিয়নের চৌকা ও কিরণগঞ্জ বিজিবি সীমান্ত ফাঁড়ির মাঝামাঝি এলাকায় এ উত্তেজনা দেখা দেয়।

দুপুর থেকে বাংলাদেশ ও ভারতীয় সীমান্তে দুই দেশের নাগরিকেরা জড়ো হয়ে বিক্ষোভ করছেন। এ সময় ভারতীয় নাগরিকদের হামলায় তিন বাংলাদেশি আহত হয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে।

এর আগে চৌকা সীমান্তের ওপারে ভারতের সুখদেবপুর সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) কাঁটাতারের বেড়া নির্মাণ নিয়ে কয়েক দিন ধরে উত্তেজনা বিরাজ করেছিল। তখন চৌকা সীমান্তে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ও বিএসএফের মধ্যে ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক হয়েছিল।

সীমান্তের বাসিন্দারা জানান, আজ দুপুরে সীমান্তে শূন্যরেখার পাশে বাংলাদেশের ভেতরের জমিতে গম কাটতে গিয়েছিলেন তাঁরা। তখন ভারতীয় নাগরিকেরা এসে বাংলাদেশের ভেতরের কয়েকটি আমগাছ কেটে দেন। এ নিয়ে বাংলাদেশ ও ভারতের নাগরিকদের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়া শুরু হয়। এ সময় ভারতীয় নাগরিকদের হাঁসুয়ার আঘাতে ও তাঁদের ছোড়া পাথরে কয়েকজন বাংলাদেশি আহত হন। স্থানীয় বিনোদপুর ইউনিয়ন পরিষদের (ইউপি) সদস্য মো. বাদশা প্রথম আলোকে বলেন, সীমান্তে গম কাটা নিয়ে উত্তেজনা শুরু হয়। ভারতীয় লোকজন বাংলাদেশ অংশে ঢুকে পড়লে উভয় পক্ষের মধ্যে পাল্টাপাল্টি ধাওয়া শুরু হয়। এতে তিন বাংলাদেশি আহত হয়েছেন।

ভারতীয়দের হাঁসুয়ার আঘাতে আহত হয়েছেন বিনোদপুর ইউনিয়নের কালীগঞ্জ নামোটোলা এলাকার যুবক মেসবাহুল হক। তিনি বলেন, তিনিসহ মোট তিনজন আহত হয়েছেন। অন্য দুজনের মধ্যে বিশ্বনাথপুর গ্রামের মো. রনি ভারতীয়দের ছোড়া পাথরের আঘাতে ও মো. ফারুক হাঁসুয়ার আঘাতে আহত হয়েছেন।

এ বিভাগের আরও খবর



রোহিঙ্গা গণহত্যা মামলা: বিশ্ব আদালতে মায়ানমারের অভিযোগ খারিজ, বাংলাদেশের স্বাগত
রোহিঙ্গা গণহত্যা মামলা এখন ড্যানির জন্য প্রস্তুত, বিশ্ব আদালতে মায়ানমারের অভিযোগ খারিজ করা হয়েছে। বাংলাদেশ এই
রায়ে স্বাগত জানিয়েছে এবং...



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে নারী শিক্ষার্থীর সাথে যৌন নিপীড়ন: বিচার চাইছেন শিক্ষার্থীরা
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের এক নারী শিক্ষার্থীর সাথে যৌন নিপীড়নের ঘটনায় শিক্ষার্থীরা বিচার চাইছেন। এ ঘটনায় বাংলাদেশ
ছাত্রলীগের কয়েকজন নেত...



খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে উচ্চফলনশীল জাতের উদ্ভাবন
কৃষি সময়ে অধিক ফলন দিতে সক্ষম নতুন ধানের জাত অবমুক্ত।



রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের কাজ দ্রুত এগিয়ে চলাছে
আগামী বছরের শুরুতে জাতীয় গ্রিডে বিদ্যুৎ যোগ হওয়ার সম্ভাবনা।

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

<https://dhakaprobe.com/national/%E0%A6%9A%E0%A6%BE%E0%A6%81%E0%A6%AA%E0%A6%BE%E0%A6%87%E0%A6%A8%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%AC%E0%A6%97%E0%A6%9E%E0%A7%8D%E0%A6%9C%E0%A7%87%E0%A6%B0%E0%A6%B8%E0%A7%80%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%A8%E0%A7%8D%E0%A6%A4%E0%A7%87%E0%A6%86%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%89%E0%A6%A4%E0%A7%8D%E0%A6%A4%E0%A7%87%E0%A6%9C%E0%A6%A8%E0%A6%BE,-%E0%A6%B9%E0%A6%BE%E0%A6%AE%E0%A6%B2%E0%A6%BE%E0%A7%9F-%E0%A7%A9-%E0%A6%AC%E0%A6%BE%E0%A6%82%E0%A6%B2%E0%A6%BE%E0%A6%A6%E0%A7%87%E0%A6%B6%E0%A6%BF-%E0%A6%86%E0%A6%B9%E0%A6%A4>